দৈনিক
আমাদের সময়

তারিখ 24 SEP 2016
পৃষ্ঠা ৭ কলাম ২

# প্রথমবারের মতো হচ্ছে নারী বিতর্ক প্রতিযোগিতা

নিজস্ব প্রতিবেদক ● স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে প্রথমবারের মতো অনুষ্ঠিত হচ্ছে নারী বিতর্ক প্রতিযোগিতা। প্রতিপাদ্য বিষয় : 'ফ্রিডম প্রেজেন্টস- ফাস্ট ন্যাশনালস ২০১৬।' আয়োজন করছে ঢাকা বিশ্ববিদ্যালয়ে শামসুন নাহার হল ডিবেটিং ক্লাব। ক্লাবের সভাপতি সানজিদা বিন-আলম গতকাল এ তথ্য জানান। তিনি বলেন, এই প্রতিযোগিতায় অংশ নেবে স্কুল পর্যায়ের ১৬টি দল, কলেজ পর্যায়ের-১৬টি এবং বিশ্ববিদ্যালয়ের ৩২টি দল। শামসুন নাহার হলে আজ ২৪ সেপ্টেম্বর থেকে আগামী ২৭ সেপ্টেম্বর পর্যন্ত প্রতিদিন সকাল ৯টা থেকে রাত ৯টা পর্যন্ত অনুষ্ঠিত হবে এ প্রতিযোগিতা। সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান হবে ৬ অক্টোবর। উল্লেখ্য, এ প্রতিযোগিতা অনুষ্ঠানের মিডিয়া পার্টনার দৈনিক আমাদের সময়।